গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.lgd.gov.bd)

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৫.০০০৪.২২.২৩৭

তারিখ: ২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-২ অধিশাখার ২২ মে ২০২৫ তারিখের ১৩০ নম্বর পরিপত্র ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের নিম্নবর্ণিত শর্তে নিম্নরূপভাবে মজুরির হার নির্ধারণ করা হলো:

| ক্রম | দপ্তরের অবস্থান | দৈনিক প্রদেয় মজুরির হার (টাকা) | শ্রমিকের ধরণ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | ৭০০/- (সাতশত) টাকা | দক্ষ/অদক্ষ মালি ও সুইপার |

**শর্তাবলি:**

(ক) "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী শ্রমিক নিয়োজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;

(খ) শ্রমিকের সংখ্যা উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদিত হতে হবে;

(গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ হতে এ ব্যয় নির্বাহ করতে হবে; এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;

(ঘ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;

(ঙ) এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং

(চ) এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ ০১ জুলাই ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

১৭-০৮-২০২৫
মোঃ শাহীনুর আলম
উপসচিব
+৮৮০২২২৩৩৮২২৪৭
lgdupazila1@lgd.gov.bd